শিল্প শ্রেণির গ্রাহকদের নতুন গ্যাস সংযোগ প্রক্রিয়া

আবেদন পত্র সংগ্রহের পদ্ধতিঃ

১. কোম্পানীর সংশ্লিষ্ট কার্যালয়/গ্রাহক সেবা বুথ/ওয়ানষ্টপ সার্ভিস সেন্টার/কোম্পানীর ওয়েবসাইট হতে ডাউনলোড করে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

২. আবেদনপত্র ফি বাবদ টাকা ৫০০/- মাত্র নির্ধারিত ব্যাংক অথবা কোম্পানীর সংশ্লিষ্ট হিসাব শাখার ক্যাশ কাউন্টার এ পরিশোধ করতে হবে।

আবেদনপত্র জমাদান পদ্ধতিঃ

সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নিম্নেবর্ণিত কাগজপত্রাদিসহ সংশ্লিষ্ট কার্যালয়ে জমা দিতে হবেঃ

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

২. জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি

৩. হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।

৪. টিআইএন সনদপত্র।

৫. নিবন্ধনকৃত কোম্পানী হলে মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস্ অফ এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশন।

৬. জমির মালিকানার দালিলিক প্রমাণ হিসেবে পরচা/খতিয়ান/ নামজারীর কাগজ (যে কোন একটি) ।

৭. দাখিলা/ভূমি উন্নয়ন কর পরিশোধের রসিদ (যে কোন একটি)।

৮. ভাড়াকৃত স্থানে স্থাপিত হলে জমির মালিকানার জন্য ৬নং ক্রমিকে বর্ণিত দালিলিক প্রমাণাদি, ভাড়ার চুক্তিপত্র এবং আবেদনপত্র মূল মালিকের স্বাক্ষরসহ দাখিল করতে হবে।

৯. লীজকৃত জমিতে স্থাপিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে লীজ প্রদানকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তিপত্র এবং ৬নং ক্রমিকে বর্ণিত দালিলিক প্রমাণাদি।

১০. ফ্যাক্টরীর লে-আউট প্যাটার্ন।

১১. প্রস্তাবিত অভ্যন্তরীণ পাইপ লাইনের ৪(চার) কপি নক্সা।

১২. স্থাপিতব্য গ্যাস সরঞ্জামাদির কারিগরী ক্যাটালগ (প্রযোজ্য ক্ষেত্রে)। বয়লার ও জেনারেটরের ন্যূনতম দক্ষতা যথাক্রমে ৮২% ও ৩৫% হতে হবে।

১৩. প্রস্তাবিত স্থানে চালু/বিচ্ছিন্নকৃত গ্যাস সংযোগের বিপরীতে গ্যাস বিপণন কোম্পানীর সমুদয় পাওনা পরিশোধ সংক্রান্ত রাজস্ব ছাড়পত্র।

১৪. পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৫. আবেদন ফি জমা বাবদ ৫০০/- টাকা জমাদানের রসিদ।

১৬. ঠিকাদার নিয়োগ পত্র।

গ্যাস লোড হ্রাস/বৃদ্ধিঃ

এ শ্রেণীর গ্রাহকের লোড হ্রাস/বৃদ্ধির প্রক্রিয়াকরণের ধাপগুলো নিম্নরূপঃ

১। লোড হ্রাস/বৃদ্ধির জন্য গ্রাহককে নির্ধারিত ছকে আবেদন পত্র সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট জোন/কার্যালয় প্রধানের নিকট জমা প্রদান করতে হবে।

২। সংশ্লিষ্ট জোন/কার্যালয় প্রধান অথবা তার মনোনীত কর্মকর্তা কর্তৃক গ্রাহকের আবেদনপত্র প্রাপ্তির পরবর্তী ৫ (পাচঁ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন ও লোড হ্রাস/বৃদ্ধির সম্ভাব্যতা যাচাই করবে।

৩। পরিদর্শনের ২ (দুই) কার্যদিবসের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে বিগত দুই বছরের গ্যাস ব্যবহারের খতিয়ান ও প্রাসঙ্গিক তথ্য উপাত্ত (যেমন বিগত সময়ে অপসারিত মিটার পরীক্ষণ ফলাফল, বর্তমানে ব্যবহৃত মিটারে/মিটারের সীলের ত্রুটি/বিচ্যুতি, লোড হ্রাস/বৃদ্ধির যৌক্তিকতা (ইত্যাদি) সহ প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর উত্থাপন করতে হবে। কারিগরীভাবে অগ্রহণযোগ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অবহিত করে বিষয়টি পরিদর্শন পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে গ্রাহককে অবহিত করতে হবে।

৪। কোম্পানীর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন লাভের পরবর্তী ২ (দুই) কার্যদিবসের মধ্যে প্রয়োজনীয় শর্তাদি উল্লেখ করে তা প্রতিপালনের অনুরোধ জানিয়ে গ্রাহককে পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে নিরাপত্তা জামানতের চাহিদা পত্র প্রদান করতে হবে।

৫। হাল নাগাদ গ্যাস বিল পরিশোধ ও চাহিদাপত্র অনুযায়ী অর্থ জমাদান বিষয়ে সংশ্লিষ্ট রাজস্ব শাখা/বিভাগের ছাড়পত্র গ্রহণসহ চাহিদাকৃত সকল শর্ত প্রতিপালন করতে হবে।

৬। রাজস্ব ছাড়পত্র প্রাপ্তিসহ অন্যান্য শর্ত প্রতিপালনের পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে ওয়ার্কিং ড্রইং অনুমোদনসহ সার্ভিস লাইন পরিবর্তন/রাইজার স্থানান্তর/ সার্ভিস লাইন ভিন্ন বিতরণ লাইনে স্থানান্তর ইত্যাদি ক্ষেত্রে প্রয়োজনীয় মালামালের মূল্য সংশ্লিষ্ট বিভাগ/শাখা কর্তৃক আদায় করতে হবে।

৭। প্রযোজ্য হলে মালামালের মূল্য আদায়ের ৫ (পাচঁ) কার্যদিবসের মধ্যে ভান্ডার হতে গ্রাহককে মালামাল প্রদানের লক্ষ্যে এমআইভি ইস্যু করতে হবে। এমআইভি এর সাথে গ্রাহক/গ্রাহক নিযুক্ত প্রতিনিধির নমুনা স্বাক্ষর সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন করতে হবে।

৮। প্রযোজ্য হলে ভান্ডার হতে প্রয়োজনীয় সকল মালামাল উত্তোলনের কাগজপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে গ্রাহকের নিকট হতে সংশ্লিষ্ট রাস্তা কাটার অনুমতি পত্র গ্রহণ করে গ্রাহক ও তার নিয়োজিত উপযুক্ত পর্যায়ের ঠিকাদারের প্রদত্ত যৌথ স্বাক্ষরিত কর্মসূচী (Work Schedule) অনুমোদন করতে হবে। কোম্পানী প্রতিনিধির তত্ত্বাবধানে অনুমোদিত সূচী মোতাবেক সার্ভিস লাইন এবং প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ লাইন নির্মাণের কাজ সমাপ্ত করতে হবে।অভ্যন্তরীণ লাইন পর্যাপ্ত সাপোর্টসহ দেয়ালে বা মাটির উপরে এমনভাবে নির্মাণ করতে হবে যেন তা নিরাপদ ও সহজে দৃশ্যমান হয়।

৯। পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে কোম্পানীর উপযুক্ত কর্মকর্তার উপস্থিতিতে পার্জিং (পাইপ লাইনের অভ্যন্তরীণ অংশ পরিস্কার) ও টেস্টিং (চাপ পরীক্ষা) এর কাজ সম্পন্ন করতে হবে।

১০। গ্রাহক ও তার নিয়োজিত ঠিকাদারের যৌথ স্বাক্ষরিত As built Drawing জমা দেয়ার ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা গ্রাহক আঙ্গিনা পরিদর্শন করে অনুমোদন অনুযায়ী নক্সা মোতাবেক গ্যাস লাইন ও স্থাপনা, স্থাপনার ক্ষমতা/বার্ণারের অরিফিসের আকার নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট শাখা প্রধান কর্তৃক নক্সা অনুমোদন করতে হবে। অন্যথায় এর কোন ব্যতিক্রম হলে অনুমোদনকারীর নিকট প্রতিবেদন দাখিল করতে হবে।

১১। যথাযথভাবে পূরণকৃত গ্রাহক ও ঠিকাদারের যৌথ স্বাক্ষরিত কার্যসমাপনী প্রতিবেদন গ্রহণ করতে হবে।

১২। গ্রাহকের সাথে যথাযথভাবে পূরণকৃত গ্যাস বিক্রয় চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১৩। চুক্তিপত্র সম্পাদনের ৫ (পাচঁ) কার্যদিবসের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে নবনির্মিত সার্ভিস লাইন কমিশন ও পুরাতন সার্ভিস লাইন কিল করে আরএমএস/সিএমএস স্থাপন করতে হবে।

১৪। লোড হ্রাস/বৃদ্ধির জন্য আরএমএস/সিএমএস পরিবর্তনের প্রয়োজন না থাকলে কার্যসমাপনির তারিখ ও আরএমএস/সিএমএস পরিবর্তনের প্রয়োজন হলে তা পরিবর্তনের তারিখ হতে লোড হ্রাস/বৃদ্ধি কার্যকরী করার লক্ষ্যে কম্পিউটার বিভাগকে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে অবহিত করতে হবে।